



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৮/১৮৫৬ ক

তারিখঃ ১৮ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ  
৩১ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

### এসএসসি পরীক্ষা-২০১৮

### সিলেবাস সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার ৬ (ছয়) পৃষ্ঠায় পরীক্ষায় অংশগ্রহণে সিলেবাস সংক্রান্ত ক, খ ও গ এবং ২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তির শেষ পৃষ্ঠার ০৭ নং ক্রমিকের পাঠ্যসূচি সংশোধন পূর্বক নিম্নোক্ত সিলেবাস অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে তবে ইংরেজি ১ম পত্র-১০৭ ও ক্যারিয়ার শিক্ষা-১৫৬ এই দুইটি বিষয় এই শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে তবে ইংরেজি ১ম পত্র-১০৭, শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা-১৪৭ ও ক্যারিয়ার শিক্ষা-১৫৬ এই তিনটি বিষয় এই শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪। নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এসসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

বিঃদ্র: ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার ১০ (দশ) পৃষ্ঠার ২৪ এর গ ও ঘ অংশটুকু বাতিলপূর্বক কভার পৃষ্ঠার অপর পাতার সময় বিভাজন অনুসরণ করার জন্য বলা হলো।

  
31.01.18

প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম-৯৭৭২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)